

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
গণভবন কমপ্লেক্স  
শেরেবাংলা নগর, ঢাকা  
[www.mod.gov.bd](http://www.mod.gov.bd)

নম্বর ২৩.০০.০০০০.০৭০.১২.০২৫.১১. ২৬৫

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ  
০১ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন


প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)-এর প্রভাষক মোমতাহিরুন নাহার (১০৬১১)-কে জাতীয় বেতনস্কেল-২০১৫ এর টাকা ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) বেতনস্কেলে নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালন সাপেক্ষে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রদান করা হল:

### শর্তাবলী:

- (ক) মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজির (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ অনুযায়ী কর্মকর্তাগণ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ১(এক) বছরের জন্য শিক্ষানবিস থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকালের মেয়াদ সর্বোচ্চ ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবেন;
- (খ) শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁর পূর্বপদে প্রত্যাবর্তন করতে পারবেন;
- (গ) শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপ্তির পর নিয়োগ বিধিমালার ৬(৪) বিধান অনুসারে তাঁকে পদোন্নতিপ্রাপ্ত পদে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে।

২। এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(ফারাহ শাম্মী)  
উপসচিব

ফোন: ৯১৪৪২৪৬

E-mail: d7@mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.০৭০.১২.০২৫.১১. ২৬৫

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ  
০১ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। কমান্ড্যান্ট, এমআইএসটি, মিরপুর সেনানিবাস, ঢাকা।
- ২। অর্থ নিয়ন্ত্রক (বিবিধ), ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাও, ঢাকা  
(বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। প্রভাষক মোমতাহিরুন নাহার (১০৬১১), এমআইএসটি, মিরপুর সেনানিবাস, ঢাকা।